গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫।

১৬ আষাঢ়, ১৪২৩ বঃ
নং- ১০.০০.০০০০.১২৯.২৩.০০১-১৩-৯৭৭, তারিখঃ ------------------
৩০ জুন, ২০১৬ খ্রিঃ

**বিষয়ঃ জেলা লিগ্যাল এইড অফিসের নিরাপত্তা প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অসহায়, দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগণকে সরকারি আইনি সহায়তা প্রদান এবং বিকল্প-বিরোধ নিষ্পত্তি পদ্ধতি বাস্তবায়নের জন্য লিগ্যাল এইড অফিসে সিনিয়র সহকারী জজ পদমর্যাদার একজন বিচারক লিগ্যাল এইড অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। এ অফিসে প্রতিনিয়ত সকল শ্রেণির মানুষ সহজেই প্রবেশ করে। যার ফলশ্রুতিতে কখনো কখনো অসহায় দরিদ্র বিচারপ্রার্থীর পাশাপাশি বখাটে লোক ক্লায়েন্ট হিসেবে অফিসে প্রবেশ করে। অনেক সময় বখাটে শ্রেণির ক্লায়েন্টদের আচরণেজেলা লিগ্যাল এইড অফিসারকে বিব্রত ও আতংকিত হতে হয়।

০২। এমতাবস্থায়, জেলা লিগ্যাল এইড অফিসের সার্বিক নিরাপত্তার জন্য প্রতিটি জেলা লিগ্যাল এইড অফিসের সম্মুখে প্রতিদিন অফিস চলাকালীন সময়ে কোর্ট পুলিশ ইউনিট হতে একজন পুলিশ সদস্যকে কর্তব্যরত থাকার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বিনীত,

৩০/৬/১৬

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকার সচিব (প্রশাসন)
ফোন- ৯৫৭৭৪২০(অফিস)।

প্রাপক,

জেলা ও দায়রা জজ,------------------

জ্ঞাতার্থেঃ

১। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। জেলা লিগ্যাল এইড অফিসার (সকল)
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৬। যুগ্ম-সচিব (প্রঃ ১/২)) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৭। উপ-সচিব (প্রঃ ১/২)) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।